R. N. No. 2532/57
Phone No. RGG.112
Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ব্লকমেকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মিঞাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৪শ বর্ষ.
২৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৭ই কার্ত্তিক বুধবার, ১৩৯৪ সাল।
৪ঠা নভেম্বর, ১৯৮৭ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্ সডাক

## জঙ্গিপুর মহকুমায় বেশি দর দিলে তেল মিলছে

রঘুনাথগঞ্জ : জেলার খোদ সদর শহরেই চলছে সরষের তেলের আকাল। জঙ্গিপুর ছাড়া অন্য মহকুমাগুলিতে তেলের বাজার ড্রাই বলে সংবাদ আসছে। স্থানীয় বাজারে তেল অঢেল না হলেও বেশী দর দিলে সরষের তেল পাওয়া যাচ্ছে। সরকার নির্দ্ধারিত মূল্য প্রকাশ্যে লঙ্ঘন করার অভিযোগ নিয়ে খাদ্য ও সরবরাহ নিয়ামকের সাথে সাক্ষাত করলে তিনি বলেন—বেশ কয়েক সপ্তাহ থেকে রেশনে রেপসিড অমিল। আমরা ব্যবস্থা নিচ্ছি যাতে রেপসিড তেলের আমদানী রেশনে করা যায়। এই পরিস্থিতিতে ব্যবসায়ীদের উপর নিয়ন্ত্রিত মূল্যে তেল বিক্রির চাপ সৃষ্টি করলে অন্যান্য জায়গার মত বাজার একেবারে তেল শূন্য হয়ে পড়বে। বীরভূম থেকে সরষের তেল আসা বন্ধ হয়ে গেছে। রামপুরহাটের মহকুমা শাসক জেলার বাইরে তেল পাঠানো নিষেধ করে এক আদেশ জারি করেছেন বলেও খবর পেয়েছি। ফলে বীরভূম থেকে তেল পাওয়ার কোন আশা নাই। মালদা রেপসিড গোডাউন থেকে গত ২৭ অক্টোবর জানান হয় রেপসিড এসেছে এবং আমাদের প্রয়োজন মত ইনডেন্ট দিতে বলা হয়। তিনি বলেন—আমি সেই দিনই ৯৫ মেট্রিক টন রেপসিডের ইনডেন্ট পাঠানোর ব্যবস্থা করি। কিন্তু আজ পর্য্যন্ত তেল এসে পৌঁছয়নি। মহকুমার হোলসেল তেল ব্যবসায়ীদের ডেকে গত ৩০ অক্টোবর মহকুমা খাদ্য নিয়ামক এক জরুরী বৈঠক করেন বলেও জানান। সেই বৈঠকে তিনি ব্যবসায়ীদের পরিষ্কার জানিয়েদেন— যদি তাঁরা কৌশলে তেল আমদানী না করে সরকারকে প্যাঁচে ফেলার ব্যবস্থায় মদত দেন তাহলে তাঁদের লাইসেন্স বাতিল করতে তিনি দ্বিধা করবেন না। এর পর কয়েকজন ব্যবসায়ী তেলও এনেছেন। কিন্তু তাঁরা দাম বেশী নিচ্ছেন এ খবর তিনি পেয়েছেন। তবে তিনি আশা করেন কয়েকদিনের মধ্যে রেশনে রেপসিড চালু হলে এ অবস্থা প্রতিরোধ করা কিছুটা সম্ভব হবে।

## পাচার করা মেয়েদের আস্তানা হয়েছে জঙ্গিপুরের কিছু অঞ্চল

রঘুনাথগঞ্জ : গোপন সূত্রে জানা যায় জঙ্গিপুর—রঘুনাথগঞ্জের বেশ কিছু গ্রামাঞ্চল মেয়ে পাচারকারীদের রক্ষা কেন্দ্র হ'য়ে দাঁড়িয়েছে। আসানসোল, বর্দ্ধমান, কুলটি, দুর্গাপুর থেকে বিভিন্ন উপায়ে মেয়ে পাচার করে ঐ সব অঞ্চলে লুকিয়ে রাখা হচ্ছে বলে প্রকাশ। এই সব পাচারকারী চক্রে জড়িত হ'য়েছে এ অঞ্চলের বেশ কিছু দুষ্কৃতকারী রাজমিস্ত্রী। এরা বাইরে কাজ করার সময় গৃহস্থের বিশ্বাস অর্জন করে বাড়ীতে প্রবেশের সুযোগ পেয়ে যুবতী মেয়েদের সাথে ভাব জমায় ও সুকৌশলে নানা প্রলোভন দেখিয়ে তাদের এ অঞ্চলে এনে লুকিয়ে রাখে। দু'একটি ঘটনায় ধরা পড়ে মামলাও হয়। জঙ্গিপুর কোর্টে এ ধরনের বেশ কিছু মামলা হয়েছে। আবার অধিকাংশ ঘটনা লোক জানাজানির ভয়ে ও লজ্জায় চাপা পড়ে গেছে। কিছুদিন আগে দুর্গাপুরের ১৪-১৫ বৎসরের এক নাবালিকা রুণু চ্যাটার্জীকে হরণ করে রঘুনাথগঞ্জ-২নং ব্লকের জাগুনপাড়ায় লুকিয়ে রাখা হয়েছে বলে খবর পাওয়া যায়। দুর্গাপুর থানা ঐ সংবাদ দিয়ে রঘুনাথগঞ্জ থানাকে ব্যবস্থা নিতে অনুরোধ জানায়। কিন্তু স্থানীয় থানা এ ব্যাপারে কিছুই করে না। পরে উপর মহলের চাপে যখন ব্যবস্থা নেওয়া হয় তখন দেখা যায় পাচারকারী, মেয়েটি ও তার সঙ্গে আনা সোনা টাকা নিয়ে সরে পড়েছে। স্থানীয় জনগণ এ ব্যাপারে থানা প্রশাসন দুষ্কৃতকারীদের প্রচ্ছন্ন মদত দিচ্ছে বলে মনে করেন।

## বৃষ্টির অভাবে আমন ধানের ফলন ব্যাহত, রবিশস্যও তথৈবচ

কৃষি সংবাদদাতা : সময়ে বৃষ্টির অভাবে জঙ্গিপুর মহকুমায়, বিশেষ করে এস আর পি পি ব্লক সাগরদীঘিতে আমন ধানের ফলন এবার দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ধানের শিস বেরোনোর সময়, খনার বচন অনুযায়ী, প্রতি শিসে আশি কলসি জল প্রয়োজন। অথচ ঠিক এই সময়েই বর্ষার বিদায় এবং অনাবৃষ্টির দরুণ ধানের জমি ফেটে চৌচির। এরই মধ্যে ধান বাঁচাতে মাঠের অনেক পুকুর জলশূন্য হয়ে পড়েছে। ফলে রবিশস্যের চাষও অনিশ্চিত হয়ে পড়েছে। এবার চৈতালী ফসলের বিশেষ করে রাই-সরষের ব্যাপক চাষ এবং বাম্পার ফলনের যে সম্ভাবনা ছিল, প্রকৃতির বদখেয়ালে তার আশা আর নাই। চাষীর ধারণা, এখনও যদি এক পশলা বৃষ্টি হয় তাহলে ধান বাঁচে এবং রবিশস্য চাষের সুবিধা হয়।

## সেই বাদল মির্জ্জা সি পি এমে যোগ দিল

জঙ্গিপুর : গত বছর ছোটকালিয়াই দুর্গা প্রতিমার অঙ্গহানির অন্যতম আসামী কংগ্রেসের বাদল মির্জা সি পি এম দলে যোগ দিয়েছে বলে খবর। বাদল মির্জাকে কংগ্রেস এম-এল-এ হাবিবুর রহমানের ডান হাত বলে বামফ্রন্ট তরফে বহু বার ঘোষণা করা হয়। উল্লেখ্য, ছোটকালিয়াই গ্রামের ঐ ঘটনার পর বাদল মির্জা বেশ কিছুদিন পলাতক থাকে। তাকে গ্রেপ্তার করতে না পেরে স্থানীয় পুলিশ তার ঘর-বাড়ির ক্ষতি করে বলেও সংবাদ প্রকাশ হয়েছিল। এতদিন বাদে সেই বামফ্রন্ট বিরোধী বাদল সি পি এমে যোগ দেওয়ায় স্থানীয় নেতৃত্ব একে তাদের বিরাট জয় বলে মনে করছেন। এই জয়ের উল্লাসে নাকি (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই কার্ত্তিক, বুধবার ১৩৯৪ সাল

## এ্যাফল্যাক্স বাঁধ

জঙ্গিপুর এ্যাফল্যাক্স বাঁধ নামে ষোল কিলোমিটার দীর্ঘ যে মাটির বাঁধটি রহিয়াছে তাহার গুরুত্ব অপরিসীম। জঙ্গিপুর ব্যারেজের পার্শ্বে লক হইতে তিনশত পাঁচ চেন এবং তিন শত পাঁচ চেন হইতে পাঁচশত পঁয়ত্রিশ চেন পর্যায়ে ইহা নির্মিত হইয়াছিল। চব্বিশ ফুট বিস্তৃত এই বাঁধের টপ আর এল তেইশ মিটার মত। বর্ষায় পদ্মানদীর বাড়তি জল ভাগীরথীর জলপ্রবাহের সঙ্গে মিলিত হইতে না দেওয়াই ছিল এই বাঁধ নির্মাণের উদ্দেশ্য। এই বিষয়ে আমাদের পত্রিকার গত সংখ্যায় একটি প্রতিবেদন প্রকাশিত হইয়াছে।

এই বৎসর যে বন্যা হয়, তাহাতে বাঁধটি ভাঙ্গিয়া যাইবার সম্ভাবনা ছিল। আর ইহা ভাঙ্গিয়া গেলে পদ্মা ও ভাগীরথীর জলপ্রবাহ মিশিয়া জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহর দুইটিকে গ্রাস করিত এবং গনকর, সাগরদীঘি প্রভৃতি অঞ্চল চরম ক্ষতিগ্রস্ত হইত ও কলিকাতা, হুগলী শিল্পাঞ্চল বিপর্যস্ত হইত। কিন্তু বিগত বন্যার সময় দিবারাত্র সতর্ক প্রহরা থাকায় সে বিপদ হইতে পারে নাই। ফরাক্কা ব্যারেজের রাইট ব্যাঙ্ক প্রটেকটিভ ওয়ার্কস ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার ও তাঁহার সহকর্মীদের অক্লান্ত পরিশ্রম সে বিপর্যয় হইতে সকলকে বাঁচাইয়াছে। এইজন্য তাঁহারা নিঃসন্দেহে সকলের ধন্যবাদভাজন। আমরা পত্রিকার পক্ষ হইতে উক্ত কর্মীদের কর্মনিষ্ঠা স্মরণ করিয়া তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

তবে ইহা অত্যন্ত স্পষ্ট যে, বাঁধটির উপযুক্ত রক্ষণাবেক্ষণের কাজ অত্যন্ত জরুরী। কিন্তু তাহাতেও রহিয়াছে নানা প্রতিকূলতা। এই বাঁধের উপর জোরপূর্ব্বক বসবাস শুরু হইয়াছে। বাঁধের স্লোপের মাটি খাড়াভাবে কাটিয়া স্থায়ী ঘরবাড়ি তৈয়ারী হইয়াছে ও হইতেছে। এই সমস্ত বেআইনী বাড়িঘর ও জনবসতি থাকায় বাঁধটির উপযুক্ত তদারক করা সম্ভব হইতেছে না। জনবসতি যেখানে আছে, ইঁদুরের উৎপাতও সেখানে। ইঁদুরের বড় বড় গর্তে জল প্রবেশ করিয়া বাঁধকে কমজোরি করিয়া দিতেছে। ফলে ফাটলও দেখা দিতেছে। ব্যারেজ কর্তৃপক্ষ আপত্তি করিলেও ঘরবাড়ি তৈয়ারী চলিয়াছে। প্রশাসনিক দৃষ্টি আকর্ষণ, রাজনৈতিক স্তরে আলোচনা সবই নিষ্ফল হইতেছে। ইহা যেন সেই ডালে বসিয়া ওই ডাল কাটার মত। হাজার হাজার মানুষের নিরাপত্তার প্রশ্ন যেখানে বিঘ্নিত সেখানে এমন ঘরবাড়ি তৈয়ারীর প্রশ্রয় কি ভাবে পাওয়া যায় আমরা বুঝিতে পারি না।

আমরা আশা করিব, সর্বস্তরের মানুষ, প্রশাসন কর্তৃপক্ষ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ এই গুরুত্বপূর্ণ দিকটির প্রতি দৃষ্টিপাত করুন। এ্যাফল্যাক্স বাঁধ হইতে ঘরবাড়ি অপসারণের ব্যবস্থা করিয়া ধ্বংসের হাত হইতে সকলকে রক্ষা করুন।

## সর্বহারার নেতা মুখ্যমন্ত্রীর বুর্জোয়া আচরণে জনগণ বিস্মিত

বিশেষ প্রতিবেদক ঃ সর্বহারা নেতা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ২৯ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবর বিহারের ম্যাসেনজোর ময়ূরাক্ষী ভবনে অবকাশ যাপন করে গেলেন সপরিবারে। বন্যায় যখন পশ্চিমবঙ্গ তোলপাড়, দুর্গত মানুষের হাহাকারে বাতাস ভারী হয়ে উঠেছে, ঠিক তখনি জনগণের সরকারের মুখ্যমন্ত্রী বুর্জোয়া কায়দায় কয়েক লক্ষ টাকা ব্যয় করে অবকাশের আনন্দে গা ভাসিয়ে দিলেন। বীরভূম জেলা প্রশাসনও সব কাজ বাদ দিয়ে সজাগ হলেন মুখ্যমন্ত্রীর নিরাপত্তা ও সুখ স্বাচ্ছন্দ্য বিধানে। ৬ জন আর্দালী ঝকঝকে নূতন পোষাকে অহরহ ডিউটি দিল। দুর্গাপুর থেকে আনতে হলো মাখন, চিজ, জ্যামজেলি আরও অনেক কিছু। সাঁইথিয়া থেকে নাকি স্থানীয় বিধায়ক পাঠালেন মিহি চাল। সিউড়ী বাজার উজার করে নেওয়া হলো শাকসজী। তাও একদিন নয়, প্রতিদিনের জন্য টাটকা সব্জী। সিকিউরিটি রক্ষায় পুলিশ বাহিনী অতন্দ্র প্রহরা দিল। সরকারী ডাক্তার ওষুধ-পত্র, রক্ত নিয়ে হাজির থাকলেন প্রতি মুহূর্ত্তের প্রয়োজনের দিকে তাকিয়ে। হলো ফুল সাজে সাজা আদিবাসী মেয়েদের মনোহর নাচ। মুখ্যমন্ত্রী গেলেন দুর্গাপূজা দেখতে দুমকা। দুমকা শহরের সি, পি, এম দল মুখ্যমন্ত্রীর নাম ভাঙ্গিয়ে দলের সংগঠন বাড়াতে পারলেন। সহস্রাধিক জনতা জড়ো করলেন মুখ্যমন্ত্রীর জয়ধ্বনি দিতে। মুখ্যমন্ত্রীর স্ত্রী সপারিষদ এলেন সিউড়ী কালীবাড়ি দেখতে। সেখান থেকে সরকার নিয়ন্ত্রিত খড়িমাটি কারখানা দেখতে মকদম নগর। সঙ্গে সংসদ সদস্য সোমনাথবাবু। পুলিশ সিকিউরিটিতে ছয়লাপ। গাড়ী ছুটে চলেছে বেপরোয়া। একের পর এক। দেশে তেলের অভাব আছে মনে হয় না। তেল পুড়েছে প্রায় ৪০ হাজার টাকার। এদিকে জনসাধারণের কাছ থেকে তোলা হলো বন্যাত্রাণের টাকা। জ্যোতিবাবু ও তাঁর পি-এ জয়দীপবাবু গাড়ীতে বিহার করলেন যত্রতত্র। সাথে সাথে সিকিউরিটি পুলিশ। গাড়ি শুধু গাড়ি! জ্যোতিবাবুর পুত্রবধূ চন্দন বসুর স্ত্রী তারাপীঠ গেলেন, সঙ্গে বেশ কিছু সরকারী গাড়ী সাইরেন বাজিয়ে রাস্তা কাঁপিয়ে ছুটে গেল। এত কাণ্ড হলো কিন্তু সাংবাদিকরা দেখা করার অনুমতি পেলেন না। তাঁদের অনুমতি নিতে বলা হয়েছিল সিউড়ী পার্টি অফিস থেকে। কিন্তু সেখানে অনুমতি মেলেনি। পার্টি অফিস জানাল, মুখ্যমন্ত্রী ওখানে এসেছেন বিশ্রাম করতে, তাঁকে বিরক্ত করা সম্ভব নয়। মুখ্যমন্ত্রী ও তাঁর পরিবারের আনন্দ বিধানের জন্য ভি, সি, আর যোগাড় করতে ব্যস্ত দেখা গেল এস, পিকে। কোন ভি, সি, আর-ই পছন্দ হয় না তাঁদের। ফলে তাঁদের পছন্দের ঠেলায় এস, পির প্রাণ ওষ্ঠাগত। বৈকালিক ভ্রমণের জন্য নির্দ্দিষ্ট ছিল লঞ্চ। কিন্তু এটি কোনমতেই চালানো সম্ভব হলো না। ফলে জ্যোতিবাবুর নাতনি কোয়েল-পায়েলদের নিয়ে জল ভ্রমণ মার খেল। ভীতত্রস্ত বোটম্যান। তার চাকরী থাকবে কিনা এই ভয়েই বেচারার পুজোটা কাটলো! এই প্রতিবেদকের ভাগ্যে মুখ্যমন্ত্রীর ম্যাসানজোর যাত্রা প্রত্যক্ষ করা সম্ভব হয়েছিল। সেকী এলাহী কাণ্ড! ২৯ সেপ্টেম্বর সিউড়ী শহরে ধূলো উড়িয়ে পথের দুপাশের বাড়াঘর কাঁপিয়ে প্রায় ৪০ খানা গাড়ীর মিছিল ছুটে গেল ময়ূরাক্ষী ভবন উদ্দেশ্যে। লক্ষ লক্ষ টাকা উড়ে গেল শুধুমাত্র সর্বহারার নেতা পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর অবসর বিনোদনের প্রয়োজনে। জনদরদী দলের প্রধান পোলাটারিয়েট মুখ্যমন্ত্রীর বুর্জোয়া সুলভ আচরণে সিউড়ীর খেটে খাওয়া মানুষেরা বিস্মিত। জনৈক বুদ্ধিজীবী মৃদুহাস্যে মন্তব্য করলেন—'সীমিত আর্থিক অবস্থায়' এর চেয়ে বেশি আর কি ই বা করতে পারেন গরীবের সরকার!

## চিঠিপত্র

(মতামত পত্র লেখকের নিজস্ব)

### হেরোইন উদ্ধার প্রসঙ্গে

গত ৭ই অক্টোবর ১৯৮৭ প্রকাশিত আপনার সাপ্তাহিক পত্রিকায় আমার বিরুদ্ধে মিথ্যা ও ভিত্তিহীন সংবাদ ছাপানো হয়েছে। আমি একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, আমার নিকট থেকে বা আমার বাড়ী হ'তে কোন হেরোইন, বিদেশী মুদ্রা এমন কি কোন প্রকার বোমা পুলিশ উদ্ধার করেনি, অথচ ঐ প্রকার সংবাদ আপনার পত্রিকায় ছাপিয়ে আমার মান সম্মান হানি করা হয়েছে। এই জন্য আমি চরম প্রতিবাদ জানাচ্ছি। আশাকরি আমার এই প্রতিবাদ পত্র আপনার সাপ্তাহিক পত্রিকায় ছাপিয়ে জনগণের বিভ্রান্তি দূর করবেন।

সুধীর রবিদাস
সাং রতনপুর
লুথার কলোনী

## কেন্দ্রীয় সরকারের অফিস বন্ধের চেষ্টা ব্যর্থ

রঘুনাথগঞ্জ ঃ গত ২৬ অক্টোবর কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের সামনে বিক্ষোভ দেখানোর ডাক দেয় মহকুমা ফরওয়ার্ড ব্লক। তাদের প্রধান দাবী ছিল বন্যাপীড়িতদের সব রকম সাহায্য কেন্দ্রীয় সরকারকে দিতে হবে ও সব লোন মকুব করতে হবে। ব্যাঙ্ক, ডাক-ঘর প্রভৃতির কাজ অচল করে দিতে অবরোধ সৃষ্টি করা হয়। শেষ পর্য্যন্ত পুলিশী তৎপরতায় অবরোধ ভেঙ্গে পড়ে। ফরাক্কা সামসেরগঞ্জ, সাগরদীঘি থেকে অন্ততঃ প্রায় ৭৬ জন ফঃ ব্লক কর্মীকে পুলিশ গ্রেপ্তার করে। শহরের সব অফিস ও ব্যাঙ্ক খুললেও ইউনাইটেড ব্যাঙ্ক খোলে না। স্থানীয় জনসাধারণ এ ব্যাপারে ক্ষুব্ধ। তাঁদের অভিযোগ, কয়েক দিন পূর্বে ব্যাঙ্ক অব বরোদার ধর্মঘটের সমর্থনে ব্যাঙ্কগুলি বন্ধ থাকে। আবার এই কদিনের মধ্যেই ইউনাইটেড ব্যাঙ্কের কাজ বন্ধ হওয়ায় তাদের অসুবিধা চরমে পৌঁচেছে। কেউ কেউ সরস মন্তব্য করলেন—টিভিতে ক্রিকেট খেলা দেখার এমন সুযোগ কেউ ছাড়ে নাকি ?

## পহর উৎসবে আহত এক

সাগরদীঘি ঃ গত ২৩ অক্টোবর মনিগ্রামে পহর উৎসব উপলক্ষ্যে লাঠি খেলার সময় জনৈক সীতানাথ রাজমল্লের মাথায় আঘাত লাগলে তার মাথা ফেটে যায়। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। উল্লেখ্য, এই উৎসবে যোগদানকারী লাঠিয়ালরা সকলেই চোলাই মদ খেয়ে উন্মত্ত অবস্থায় খেলা শুরু করে। তার ফলেই খেলার বদলে হাতের লাঠি মাথায় পড়ে বিপদ বাধায়। রাজমল্ল বর্তমানে সুস্থ বলে সংবাদ পাওয়া যায়।

## বন্যার্তদের পুনর্ব্বাসনের দাবীতে মিছিল

রঘুনাথগঞ্জ ঃ গত ১৯ অক্টোবর স্থানীয় বিশ্ব হিন্দু পরিষদের পরিচালনায় এক বিরাট মিছিল মহকুমা শাসকের অফিসে আসে ও তাঁর হাতে একটি স্মারকপত্র দেয়। পদ্মা ভাঙনে বারবার বাস্তুচ্যুত কয়েক শো মানুষ সুষ্ঠু পুনর্বাসনের দাবীতে আন্দোলনে সামিল হয়। তাদের দাবী ছিল আর্ত ৬৬৬ ঘর তপশীলি পরিবারকে সরকারী খাস জমিতে বসবাসের ব্যবস্থা করে দিতে হবে। এই মিছিলে বিভিন্ন রাজনৈতিক দলের সমর্থক মানুষেরাও যোগ দেয়। তাদের আরোও অভিযোগ, প্রতিবার নির্বাচনের প্রাক মুহূর্তে বিভিন্ন দল পুনর্বাসনের ব্যবস্থার প্রতিশ্রুতি দিলেও, নির্বাচনের পরে আর কারও দেখা মেলেনা। উপরন্তু এ বছর বন্যার সময় তারা নিজস্বার্থে দলবাজি করা দেখে রাজনৈতিক দলগুলির উপর বীতশ্রদ্ধ হয়েই বিশ্ব হিন্দু পরিষদের গৈরিক পতাকা তলে জড়ো হয়েছে।

## ছাত্রী অপহরণের চেষ্টা ব্যর্থ

সাগরদীঘি, ৩ নভেম্বর—গত মঙ্গলবার দিন-দুপুরে বোখরা হাই স্কুলে ষষ্ঠ শ্রেণীর এক ছাত্রীকে অপহরণের চেষ্টা ব্যর্থ হয়েছে। ঘটনার বিবরণে প্রকাশ, ওই দিন স্কুল শুরু হওয়ার সময় থেকে অপরিচিত এক যুবককে স্কুল এলাকার ভেতর ঘোরাঘুরি করতে দেখে কয়েকজন শিক্ষকের সন্দেহ হয়। জেরার উত্তরে যুবকটি জানায় যে, সে গ্রামে বেড়াতে এসেছে। চতুর্থ এবং পঞ্চম পিরিয়ডের অবসরে যুবকটি ছাত্রীটির নাম ধরে ডেকে তাকে নিয়ে যেতে চায়। ছাত্রীটি তার কথা শুনে কান্নাকাটি শুরু করে। এবং প্রধান শিক্ষককে জানায়। প্রধান শিক্ষক মোরগ্রাম ক্যাম্পে খবর দেন। পুলিশের জেরার উত্তরে যুবকটি জানায়, তার বাড়ী খড়গ্রাম থানার নগরে। ছাত্রীটিকে সে চেনে না। নির্ভরযোগ্য সূত্র থেকে জানা যায়, ছাত্রীটির নাম কৃষ্ণা, বাড়ী কান্দী মহকুমার এক গ্রামে। ইতিপূর্বে তার বাবা তাকে ও তার মাকে নাকি বিক্রীর চেষ্টা করে ব্যর্থ হয়। কৃষ্ণার দাদু কৃষ্ণা আর তার মাকে সাগরদীঘি থানার কৈয়োর গ্রামে নিজের বাড়ীতে এনে রাখেন এবং কৃষ্ণাকে বোখারা স্কুলে ভর্তি করেন।

## বিশ্ব খাদ্য দিবস উদযাপন লক্ষ্যে বিশেষ সুবিধাদান

সাম্প্রতিক বন্যার দরুণ মুর্শিদাবাদ জেলায় যে সব ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, গ্রামীণ শিল্পী নিদারুণ অর্থনৈতিক দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছেন তাঁদের কথা ভেবে রাজ্য স্তর ব্যাংকারর্স কমিটির পক্ষে ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়া নিম্নলিখিত সুবিধা দানের কথা ঘোষণা করেছেন।

ক) খরিফ মরশুমে যতটুকু ফসল বাঁচানো সম্ভব হয়েছে তার থেকে সর্বোচ্চ ফলন পেতে এবং খরিফ খন্দে দ্বিতীয় বার খুব অল্প মেয়াদের একটা ফসল তোলার জন্য চাষী ভাইদের ব্যাপক ভাবে শস্য ঋণ দেওয়া হবে।

খ) ডাল ও তৈল বীজ জাতীয় শস্যসহ অন্যান্য রবি ফসল যাঁরা চাষ করতে চান তাঁদের শস্য ঋণের আবেদন অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করা হবে

গ) শংকর জাতীয় ঘাস বা অন্যান্য পশু খাদ্য উৎপাদনের জন্য বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে।

ঘ) যাঁরা পরীক্ষিত বীজ উৎপাদনের জন্য নির্বাচিত হয়েছেন তাঁদের উৎপাদন ভিত্তিক ঋণ দেওয়া হবে।

ঙ) যে সব পুকুর থেকে মাছ ভেসে গেছে সে সব পুকুরে আবার মাছ চাষ করার জন্য উপকরণ ও সংস্কারের উদ্দেশ্যে ঋণের ব্যবস্থা করা হয়েছে।

চ) যাঁরা খরিফ খন্দে ঋণ নিয়েছেন কিন্তু ফসল বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে তাঁদের স্বল্প মেয়াদি ঋণ আবেদনের ভিত্তিতে মধ্য মেয়াদি ঋণে এবং মধ্য মেয়াদি ঋণের সময় সীমা নিয়ম মত বাড়িয়ে দেওয়া হবে।

যাঁরা এই সব আর্থিক সহায়তা পাওয়ার উপযুক্ত তাঁরা নিজ নিজ এলাকায় ব্যাংকের শাখা অথবা ব্লক উন্নয়ন আধিকারিকের সাথে যোগাযোগ করতে পারেন।

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

Government of West Bengal
Office of the District Inspector of Schools (P. E.),
Murshidabad

**TENDER NOTICE : 1987-88**

Tenders in sealed covers are invited quoting rates for carrying Nationalised Text Books from district godowns situated at Siksha Bhavan and Junior Basic Training Institutes, Berhampore to 26 Block Godowns as per the route chart and date schedule list by Truck from Truck Owners /carrying contractors.

Tenderers should submit their tenders in the sealed covers to the District Inspector of Schools (P. E.), Murshidabad by Registered Post with A/D amd all tenders will positively reach the District Inspector of Schools (P. E.), Murshidabad by 12-11-87 at the letest. Any tenders received after 12-11-87 will not be accepted. No tender will be received through any massenger or personally by this office.

Tenders will be opened on 12-11-87 in presence of the tenderers or their authorised representatives present at that time. Tenders form, detailed information and service schedules may be had of from this office on all working days between 12 noon to 3-00 p. m. upto 7-11-87 details may be seen at the Office Notice Board.

District Inspector of Schools (P. E.)
Murshidabad

## চোর অপবাদ দিয়ে পিটিয়ে হত্যা

ধুলিয়ান ঃ গত ১ নভেম্বর রঘুনাথগঞ্জ থানার কোটশাইল গ্রামের হাসমত সেখকে আহত অবস্থায় থানায় নিয়ে আসে সমসেরগঞ্জ থানা এলাকার জোতকাশী গ্রামের কয়েকজন ব্যক্তি। তাদের অভিযোগ, ৩১ অক্টোবর রাত্রে ঐ গ্রামের আব্দুল রহিমের বাড়ীতে বাসন-কোসন চুরি করবার সময় তাকে হাতে-নাতে ধরা হয় এবং গ্রামের উত্তেজিত জনতা মার-ধোর করে। হাসমতের আঘাত গুরুতর দেখে তাকে তৎক্ষণাৎ অনুপনগর হাসপাতালে ভর্ত্তি করা হয়। সেই রাত্রেই হাসমত মারা যায়। পুলিশ এ ব্যাপারে গ্রামের সোহরাব সেখ, এব্রাহিম সেখ সহ গৃহস্বামী আব্দুল রহিমকে গ্রেপ্তার করে। পুলিশের খাতায় মৃত হাসমতের সম্বন্ধে কোন পূর্ব অভিযোগ ছিল না। পুলিশ মনে করে হাসমত চোর নয়। তার উপর চোর অপবাদ দিয়ে মারধোর করা হয়েছে ও তার ফলেই সে মারা যায়।

## শিক্ষক সমিতির রাজ্য সম্মেলন

সংবাদদাতা ঃ সমিতির সূত্রে জানা যায় আগামী ১৭ থেকে ১৯ নভেম্বর নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির ৩৯তম রাজ্য সম্মেলন বহরমপুর শহরে অনুষ্ঠিত হবে। সম্মেলনকে কেন্দ্র করে আগামী ১৪ নভেম্বর থেকে প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনাচক্র ও ছাত্র-ছাত্রীদের আবৃত্তি, অঙ্কন প্রতিযোগিতা, শিক্ষকদের বিতর্ক প্রতিযোগিতা হবে। শেষ দিন ১৯ নভেম্বর প্রকাশ্য সমাবেশে প্রধান অতিথি রূপে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবসু।

## বাদল মির্জ্জা সি পি এমে

( ১ম পৃষ্ঠার পর )

গ্রামে বাজী পটকা ফোটে এবং মহম্মদপুরের জনৈক ব্যক্তির বাড়ীতে স্থানীয় সি পি এমের উচ্চ সারির নেতাদের নিয়ে একটি প্রীতিভোজেরও আয়োজন হয়।

## ধান্য উৎপাদন প্রকল্প শিবির

সাগরদীঘি ঃ গত ২৯ অক্টোবর মনিগ্রাম বলরামবাটী প্রাইমারী স্কুলে উন্নতমানের ধান উৎপাদন প্রকল্প শিক্ষা দেবার জন্য একদিনের শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। কৃষি প্রযুক্তি সহায়ক বিজনকুমার সরকারের উদ্যোগে ও কৃষি সম্প্রসারণ আধিকারিক অজিত দাসের সহযোগিতায় বহু চাষী এ শিবিরে যোগ দেন। শ্রীদাস উন্নতমানের ধান চাষে এ অঞ্চলের চাষীদের উৎসাহের প্রশংসা করেন। কিন্তু চাষীরা অভিযোগ করেন তাঁরা সরকার থেকে সঠিক সময়ে কৃষি উপকরণ পান না। তার উপর সেচ ইত্যাদির অব্যবস্থার জন্য অনেক সময় ইচ্ছা থাকলেও চাষ করতে তাঁরা সাহস পান না। যদি খাল-বিলের উন্নতি ঘটিয়ে সেচের ব্যবস্থা করা হয় তবে তাঁরা বারোমাসই বিভিন্ন চাষ করে এ অঞ্চলে সবুজ বিপ্লব আনতে পারেন।

## বিদ্যুৎ কর্মীর গাফিলতিতে গ্রাহকদের ভোগান্তি

জঙ্গিপুর ঃ স্থানীয় গ্রাহকেরা এ মাসে যে ত্রৈমাসিক বিল পান তা দেখে সকলেই চমকে ওঠেন। প্রত্যেকের বিলেই বিগত বিলগুলির অঙ্কের তিনগুণ চার্জ করা হয়েছে। বিদ্যুৎ অফিসে ছুটাছুটি করে জানতে পারা যায় জনৈক নতুন কর্মীর গাফিলতিতে সব বিলই কমার্শিয়াল রেটে ধরা হয়েছে, যার ফলে এই বিভ্রাট। শেষ পর্য্যন্ত বিলের অঙ্ক ঠিক করে দেওয়া হয়। বিদ্যুৎ সাপ্লাই বিভাগের ভারপ্রাপ্ত অফিসার গ্রাহকদের কাছে এই ভুলের জন্য দুঃখ প্রকাশ করলে ঘটনার পরিসমাপ্তি ঘটে।

## বাড়ী বিক্রয়

জঙ্গিপুর বাবুবাজারে সদর রাস্তার সন্নিকটে নয় শতক জায়গার উপর বাসের উপযোগী দ্বিতল বাড়ী বিক্রয় আছে।

যোগাযোগের ঠিকানা—
নিখিলের চিমনির ভাটা
পিয়ারাপুর
ও
জঙ্গিপুর সংবাদ


যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বিয়ের মরশুমে প্রিয়জনকে শ্রেষ্ঠ উপহার একটি ষ্টীল আলমারী দেওয়ার কথা নিশ্চয়ই ভাবছেন। আসুন, "সেনগুপ্ত ফার্ণিচার হাউসে" আপনার পছন্দমত জিনিষটি দেখে নিন। প্রতিটি জিনিষেই পাবেন বিক্রয়োত্তর সেবা।

সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রথম বিপুল সমাবেশ
ধন্নালাল মোহনলাল জৈন
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ, ফোন ধুলিয়ান ৫
জঙ্গিপুর মহকুমায় এই প্রথম VIMAL এর সার্টি, স্যুটিং ও শাড়ীর রিটেল কাউন্টার এবং জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা অনেক কম মূল্যে সব রকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী






রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।